



# MARTIN LUTHER COLLEGE

College Code: 1160

EIIN: 134239

তারিখঃ ১৮.০৭.২০২১ খ্রিস্টাব্দ

## নোটিশ

মার্টিন লুথার কলেজের এইচএসসি পরীক্ষা-২০২১ পরীক্ষার্থীদের বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড'১৯ পরিস্থিতি বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক এইচএসসি পরীক্ষা-২০২১ পরীক্ষার্থীদের সংক্ষিপ্ত সিলেবাসের আলোকে ৬০ দিন ও ৮৪ দিনের শ্রেণি কার্যক্রম শেষে পরীক্ষা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। কিন্তু বর্তমান মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় শিক্ষার্থীদের গ্রুপ ভিত্তিক ৩টি নৈর্বাচিক বিষয়ের উপর অ্যাসাইনমেন্টের মাধ্যমে শিখন ফল অর্জনের বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এইচএসসি পর্যায়ের অ্যাসাইনমেন্ট প্রদান আগামী ২৬ জুলাই, ২০২১ তারিখ থেকে শুরু হবে এবং ১৫ সপ্তাহে মোট ৩০টি অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে। ৩টি নৈর্বাচিক বিষয়ে (৬টি পত্রে) প্রতিটি পত্রে ৫টি করে মোট ৩০ টি অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে। শিক্ষার্থীকে আবশ্যিক ও ৪র্থ বিষয়ের কোন অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে না। প্রত্যেক শিক্ষার্থীকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনানুযায়ী গুরুত্বসহকারে প্রত্যেক বিষয়ের অ্যাসাইনমেন্ট নির্দিষ্ট সময়ের মধ্যে তৈরি করে জমা দিতে হবে। প্রত্যেক শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট তৈরি করা বাধ্যতামূলক।

নির্দেশক্রমে

*Mitali Maria Kosta*

মিতালী মারিয়া কস্তা

অধ্যক্ষ

মার্টিন লুথার কলেজ



# MARTIN LUTHER COLLEGE

College Code: 1160

EIIN: 134239

তারিখঃ ১৮.০৭.২০২১

## নোটিশ

এতদ্বারা মার্টিন লুথার কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০.০৭.২০২১ থেকে ৩১.০৭.২০২১ খ্রিস্টাব্দ (মঙ্গলবার থেকে শনিবার) পর্যন্ত পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অনলাইনে ক্লাস আপলোড বন্ধ থাকবে। ০১.০৮.২০২১ খ্রিস্টাব্দ রোজ রবিবার থেকে অনলাইনে ক্লাস আপলোড করা হবে।

ধন্যবাদান্তে

*Mitali Maria Costa*

মিতালী মারিয়া কস্তা

অধ্যক্ষ

মার্টিন লুথার কলেজ